দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 1 3 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

৩০

# হোমিওপ্যাথিক কলেজ যৌথ সংগ্রাম কমিটির সভা

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম হোমিও-প্যাথিক মেডিক্যাল কলেজ ও হাসপাতাল যৌথ সংগ্রাম কমিটির উদ্যোগে সম্প্রতি এক সভায় কলেজের স্বাভাবিক ও সুষ্ঠু পরিবেশ বজায় রাখার উপর গুরুত্বারোপ করা হয়। সভায় বিভিন্ন বক্তা কলেজের বর্তমান অধ্যক্ষের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আনিয়া তাহার অপসারণ দাবী করেন। সংগ্রাম কমিটির ভাইস চেয়ারম্যান মোহাম্মদ হোসেনের সভাপতিত্বে এই সভায় বক্তব্য রাখেন ওয়ার্ড কমিশনার আলহাজ্ব এম এ মালেক, ডাঃ এম আনোয়ারুল আহসান, নাটাব চট্টগ্রাম শাখার সভাপতি আলহাজ্ব আজিস শরীফ, ডায়াবেটিক সমিতি চট্টগ্রাম শাখার সম্পাদক জাহাঙ্গীর উদ্দিন চৌধুরী, মানবাধিকার নেত্রী এডভোকেট কামরুন নাহার বেগম, এডভোকেট কবির কোরাইশী তালুকদার, অধ্যক্ষ ডাঃ ফেরদৌস আহমদ প্রমুখ।